

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৩২৫

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উযু করা ওয়াজিব হয়

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا قَالَتْ: قَرَّبْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَنْبًا مَشْوِيًّا فَأَكَلَ مِنْهُ ثُمَّ قَامَ إِلَى الصَّلَاةِ وَلَمْ يَتَوَضَّأْ. رَوَاهُ أَحْمَدُ

বাংলা

৩২৫-[২৬] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পাঁজরের ভূনা মাংস (মাংস/গোসত) পেশ করলাম। তিনি তা থেকে কিছু খেলেন, তারপর সালাতে দাঁড়িয়ে গেলেন, নতুন করে উযু (ওযু/ওজু/অজু) করেননি। (আহমাদ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৮২৯, আহমাদ ২৬০৮২, ইবনু মাজাহ্ ৪৯১, নাসায়ী পবিত্রতা অধ্যায়।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَرَّبْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَنْبًا مَشْوِيًّا) “আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পাঁজরের ভূনা গোস্ত (গোশত/গোস্ত/গোসত) পেশ করলাম।” অর্থাৎ- আমি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য খাবারের উদ্দেশে আগুন দিয়ে ভূনা করা পাঁজরের হাড়সহ গোশত (গোশত/গোস্ত/গোসত) পেশ করলাম।

(وَلَمْ يَتَوَضَّأْ) অর্থাৎ- তিনি ঐ গোশত (গোশত/গোস্ত/গোসত) খাওয়ার পর উযু (ওযু/ওজু/অজু) না করেই সালাতে দাঁড়ালেন।

এ হাদীস প্রমাণ করে যে, আগুন দ্বারা পাকানো কোন কিছু খেলে উযু (ওযু/ওজু/অজু) ভঙ্গ হয় না।

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54884>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন